

ইউএসটিসিতে সংঘর্ষ

অনির্দিষ্টকালের জন্য

ক্লাস বন্ধ ঘোষণা

বিজয় প্রতিবেদক: চট্টগ্রাম

চট্টগ্রাম বিজ্ঞান-ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (ইউএসটিসি) দুটি অনুষদে বিবিএ এবং বসবন্ধু মেমোরিয়াল হাসপাতালের শিক্ষার্থীদের মধ্যে সংঘর্ষের পর অনির্দিষ্টকালের জন্য শ্রেণী কার্যক্রম বন্ধ ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বুধবার দুপুরের এই সংঘর্ষে বিবিএ তৃতীয় সেমিস্টারের নিখুন নামের এক শিক্ষার্থী আহত হন। সংঘর্ষের পর ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়।

গতকাল বুধবার দুপুরে ইউএসটিসি প্রশাসনের অফিসে এক বেঠেকে এ সিন্ধু নেওয়া হয় উল্লেখ করে বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য

ইউএসটিসিতে সংঘর্ষ

শেষ পৃষ্ঠার পর

(স্বাক্ষরিত) অধ্যাপক ডা এ এইচ এম ইছহাক চৌধুরী বলেন, দুই পক্ষের সংঘর্ষের পর ক্যাম্পাসে উত্তেজনা বিরাজ করছে। তাই ক্লাস কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে পরীক্ষা ও অন্যান্য কার্যক্রম চলবে। বিশ্ববিদ্যালয়ে শিক্ষার্থীর জ্ঞান, পূর্ব শত্রুতার জের ধরে গতকাল বুধবার দুপুর ১২টায় ক্যাম্পাসের কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে বিবিএ শিক্ষার্থী নিখুনকে চাপাতি দিয়ে আঘাত করে বসবন্ধু মেমোরিয়াল হাসপাতালের এমবিবিএস শিক্ষার্থী রাফিদ, মীত, বাহার এবং কয়েকজন বহিরাগত। এ খবর বিবিএ অনুষদে পৌঁছলে বিবিএর শিক্ষার্থীরা অফো হয়ে তাদের ধাওয়া দেন।

এ সময় উভয় পক্ষের মধ্যে ধাওয়া-পাশাধাওয়ার ঘটনা ঘটে। খুদশী খানার উপপরিদর্শক মো. রাসেল বলেন, ইউএসটিসিতে সংঘর্ষের খবর পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনি। বর্তমানে পরিস্থিতি শান্ত রয়েছে।